ISO 9001:2015
CERTIFIED

নির্বাহী পরিচালক (অর্থ), পাওয়ার গ্রীড কোম্পানী অব বাংলাদেশ লিমিটেড

এবং

ব্যবস্থাপনা পরিচালক, পাওয়ার গ্রীড কোম্পানী অব বাংলাদেশ লিমিটেড
এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ জুলাই, ২০১৮–৩০ জুন, ২০১৯

সূচিপত্র

উপক্রমণিকা

নির্বাহী পরিচালক (অর্থ), পিজিসিবি'র কর্মসম্পাদনের সার্বিক চিত্র

সেকশন ১ : পিজিসিবি'র রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), নির্বাহী পরিচালক (অর্থ) এর কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি।

সেকশন ২ : কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ।

সংযোজনী ১ : শব্দসংক্ষেপ (Acronyms)।

সংযোজনী ২ : কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী কার্যালয়সমূহ এবং পরিমাপ পদ্ধতি।

সংযোজনী ৩ : কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে মাঠ পর্যায়ের অন্যান্য কার্যালয়ের নিকট সুনির্দিষ্ট চাহিদা।

উপক্রমণিকা (Preamble)

নির্বাহী পরিচালক (অর্থ), পাওয়ার গ্রীড কোম্পানী অব বাংলাদেশ লিমিটেড (পিজিসিবি) এর দপ্তর/বিভাগসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিত করণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়ন লক্ষ্যে-

নির্বাহী পরিচালক (অর্থ), পাওয়ার গ্রীড কোম্পানী অব বাংলাদেশ লিমিটেড (পিজিসিবি)

এবং

ব্যবস্থাপনা পরিচালক, পাওয়ার গ্রীড কোম্পানী অব বাংলাদেশ লিমিটেডের মধ্যে ২০১৮ সালের জুন মাসের ২০/০৬/২০১৮ ইং তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেনঃ

নির্বাহী পরিচালক (অর্থ), পিজিসিবি লিঃ এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র
(Overview of the Performance of the ED, Finance, PGCB)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যত পরিকল্পনা

সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহঃ

বাংলাদেশে যোগাযোগ ব্যবস্থার ব্যাপক উন্নয়ন, শিল্প, কৃষিকাজ, মানব সম্পদ উন্নয়ন, আধুনিক জীবনযাত্রা, স্বাস্থ্য সেবা সম্প্রসারণের জন্য বিদ্যুতের চাহিদা ক্রমশ বৃদ্ধি পেয়ে চলেছে। গত ২০১৬-২০১৭ অর্থবছর স্থির মূল্যে জাতীয় গড় উৎপাদনে (জিডিপি) বিদ্যুৎ উপ-খাতের অবদান ছিল ১.২৯ শতাংশ। মোট চাহিদার বিবেচনায় এখনো বিদ্যুতের ঘাটতি রয়েছে। বিদ্যুৎ উৎপাদন ২০০৯ খৃষ্টাব্দে ৪,৯৪২ মেঃওঃ হতে ২০১৭ খৃষ্টাব্দে ১৩,৫৬১ মেঃওঃএ উন্নীত হয়েছে। জনপ্রতি বিদ্যুৎ উৎপাদন ২২০ কিলোওয়াট আওয়ার হতে ৪৪৩ কিলোওয়াট আওয়ারে বৃদ্ধি পেয়েছে। বিদ্যুৎ ব্যবহারকারী লোকের অনুপাত ৪৭ শতাংশ হতে ৮৩ শতাংশে বৃদ্ধি পেয়েছে। সরকারের মাস্টার প্ল্যান অনুসারে বিদ্যুৎ উৎপাদন ২০২১ খৃষ্টাব্দ ২৪,০০০ মেঃওঃ এবং ২০৩০ খৃষ্টাব্দে ৪০,০০০ মেঃওঃএ দাঁড়াবে।বিদ্যুৎ উৎপাদনের সঙ্গে তাল রাখার জন্য পিজিসিবি ১০,৫১৩ সার্কিট কিলোমিটার সঞ্চালন লাইন এবং ১৬০ টি গ্রীড উপকেন্দ্র নির্মাণের পরিকল্পনা গ্রহণ করেছে। এগুলো বিভিন্ন ভোল্টেজ লেভেলে ২০১৬ থেকে ২০২১ খৃষ্টাব্দের মধ্যে বাস্তবায়ন করা হবে। পাওয়ার গ্রীড কোম্পানী অব বাংলাদেশ লিঃ সঞ্চালন নেটওয়ার্ক সম্প্রসারণ এবং সঞ্চালন সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে কাজ করে চলেছে। গত তিন (৩) বছরে সঞ্চালন লাইন ১০২১.০৯ সার্কিট কিলোমিটার এবং গ্রীড উপকেন্দ্রে ক্ষমতা ৬৫৫০.২০ এমভিএ বৃদ্ধি হয়েছে।

বাণিজ্যিক অবস্থাঃ

পাওয়ার গ্রীড কোম্পানী অব বাংলাদেশ লিঃ আলোচ্য ২০১৬-১৭ অর্থ বছরে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানী লিঃ, ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানী লিঃ, পল্লী বিদ্যুৎ সমিতিসমূহ, ওয়েষ্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানী লিঃ এবং নর্থ ওয়েষ্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানী লিঃ কে দেশের বিভিন্ন বিদ্যুৎ উৎপাদন প্রতিষ্ঠান ও ভারত হতে আমদানীকৃত বিদ্যুৎ সঞ্চালন করেছে। এজন্য হুইলিং চার্জ বাবদ প্রতি কিলোওয়াট আওয়ারের জন্য ১৩২ কেভি লেভেলে টাকা ০.২৭৬৮ এবং ৩৩ কেভি লেভেলে টাকা ০.২৭৯১ হারে চার্জ করেছে।

মোট হুইলিং আয় (মিলিয়ন টাকা)	আদায়/সমন্বয় (মিলিয়ন টাকা)	বকেয়া (মিলিয়ন টাকা)	মন্তব্য
টাকা ১৪,১৬৮.৪০	টাকা ১১,৪৮৯.৭৪	টাকা ২,৬৭৮.৬৬	২.২৭ মাসের হুইলিং এর সমান বকেয়া ছিল

বছর ভিত্তিক পিজিসিবি'র ব্যবস্থাপনাধীন আর্থিক অবকাঠামো ও অর্জন নিচে বর্ণনা করা হলঃ

বৎসর	হুইলিং আয় (মিলিয়ন টাকায়)	কর পূর্ব মুনাফা (মিলিয়ন টাকায়)	কর পরবর্তী মুনাফা (মিলিয়ন টাকায়)	স্থায়ী সম্পদের বিপরীতে অর্জন	স্থায়ী সম্পদ (মিলিয়ন টাকায়)	পরিশোধিত মূলধন (মিলিয়ন টাকায়	বকেয়া (মাস)
২০১৪-২০১৫	৯,১৩৩.৪১	(৭১.৬৩)	৪১৬.৪৯	৩.২০%	১৩৯,৪০২.২৫	৪,৬০৯.১২	২.০০
২০১৫-২০১৬	১২,৫২৪.১৬	২,২৯১.১৬	১,২২৬.১৫	৬.২৭%	১৪৪,২১৩.৬৯	৪,৬০৯.১২	২.৩২
২০১৬-২০১৭	১৪,১৬৮.৪০	২,৮৭৬.০৫	১,৯৯৫.৬৯	৫.৯৭%	১৭৭,১৮৬.৮৯	৪,৬০৯.১২	২.২৭

আর্থিক কৃতকর্মঃ

কোম্পানীর স্থায়ী সম্পদের পরিমাণ ২০১৬-২০১৭ বছর শেষে দাঁড়ায় টাকা ১৭৭,১৮৬.৮৯ মিলিয়ন। তবে নীট স্থায়ী সম্পদের মূল্য ছিল টাকা ১১৩,৩৯৮.২৪ মিলিয়ন। দায়-মূলধনের অনুপাত দাঁড়িয়েছিল ৭৭:২৯। আলোচ্য বছর বাংলাদেশ

বিদ্যুৎ উন্নয়ন বোর্ড এর নিকট হতে সম্পদের বিপরীতে গৃহীত ঋনের টাকা ২,৬৯৬.০২ মিলিয়ন সমন্বয় এবং সরকারের ডেট সার্ভিস লায়বিলিটির বিপরীতে টাকা ১,১৪৮.৫০ মিলিয়ন পরিশোধ করা হয়েছে।

আলোচ্য ২০১৬-২০১৭ অর্থ বছর কোম্পানী মোট টাকা ১৪,১৬৮.৪০ মিলিয়ন হইলিং বাবদ রাজস্ব এবং টাকা ১৯৯.৯৫ মিলিয়ন অপটিক্যাল ফাইবার লীজ বাবদ রাজস্ব আয় করেছে। অন্যান্য আয় ছিল টাকা ৩৬৬.৭২ মিলিয়ন। এতে সর্বমোট রাজস্ব হয়েছিল টাকা ১৪,৭৩৫.০৭ মিলিয়ন। সর্বমোট ব্যয় ছিল টাকা ১১,৮৫৯.০২ মিলিয়ন করপূর্ব নীট লাভ হয় টাকা ২,৮৭৬.০৫ মিলিয়ন। এ বছর পাওয়ার গ্রীড কোম্পানী অব বাংলাদেশ লিঃ এর কারেন্ট ট্যাক্সের পরিমাণ টাকা ৮৮.৪১ মিলিয়ন, ডেফার্ড ট্যাক্সের পরিমাণ টাকা ৭৯১.৯৫ মিলিয়ন অর্থ্যাৎ মোট করের পরিমাণ হয়েছে টাকা ৮৮০.৩৬ মিলিয়ন। ফলে কর পরবর্তী নীট মুনাফা হয়েছে টাকা ১,৯৯৫.৬৯ মিলিয়ন। উক্ত বছর নীট স্থায়ী সম্পদের উপর করপূর্ব মুনাফা অর্জন হয়েছে ৫.৯৭%। আলোচ্য অর্থ বছর কতিপয় উন্নয়ন প্রকল্প সমাপ্ত হওয়ায় ওয়ার্ক- ইন- প্রসেস থেকে টাকা ২৯,১৪৩.৬৪ মিলিয়ন স্থায়ী সম্পদে স্থানান্তর হয়েছে। এতে করে অবচয় এবং সুদ বাবদ ব্যয় বৃদ্ধি পেয়েছে। পক্ষান্তরে সামগ্রিক বিদ্যুৎ সঞ্চালন ৯.৫৪% বৃদ্ধি পেয়েছে। ফলে, গত বছর অপেক্ষা আলোচ্য অর্থ বছর হইলিং রাজস্ব বেশী আয় হয়েছে ।

বিদ্যুৎ উৎপাদন বৃদ্ধি পেয়েছে এবং অদূর ভবিষ্যতে আরো বৃদ্ধি পাবে। এতে পিজিসিবি'র হইলিং আয়ও বৃদ্ধি পাবে। আলোচ্য ২০১৬-১৭ অর্থ বছরের নীট মুনাফা হতে শেয়ারহোল্ডারদের ১৫% নগদ লভ্যাংশ প্রদানের জন্য কোম্পানীর পরিচালক পর্ষদ সুপারিশ করেছে। কারণ অবশিষ্ট মুনাফা উন্নয়ন কর্মকান্ডে বিনিয়োগ করা হবে।

সমস্যা এবং চ্যালেঞ্জসমূহঃ

বিদ্যুৎ সঞ্চালন অবকাঠামো নির্মাণ, পরিচালন ও রক্ষণাবেক্ষণের জন্য প্রয়োজনীয় মানবসম্পদ নিয়োগ এবং তাদেরকে প্রয়োজনমত প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। দেশে উল্লেখযোগ্য প্রকার ও পরিমাণের মানসম্পন্ন বিদ্যুৎ সঞ্চালন যন্ত্রপাতি প্রস্তুত হয় না। এগুলো বিদেশ হতে আমাদানী করা ছাড়া বিকল্প নেই। সাম্প্রতিক বছরগুলোতে দুই-একটি প্রস্তুতকারী প্রতিষ্ঠান ১৩২/৩৩ কেভি ট্রান্সফরমার এবং এমএস টাওয়ার সেকশন উৎপাদন করছে। ইনসুলেটর এবং বিদ্যুৎ পরিবাহী সঞ্চালন কন্টাকটরসহ অন্যান্য ইকুইপমেন্ট এখনো বিদেশ হতে আমদানী করতে হচ্ছে। বিদ্যুৎ সঞ্চালনের জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতি দেশে প্রস্তুত করা হলে, এক্ষেত্রে বিদেশ নির্ভরতা হ্রাস পেত। দেশের ক্রমবর্ধমান চাহিদার সহিত সমঞ্জাস্য রেখে নতুন নতুন সঞ্চালন লাইন ও গ্রীড উপকেন্দ্র নির্মাণ করা হচ্ছে।

বিদ্যুৎ উপখাতের যে কোন উন্নয়ন কর্মকান্ডে বিপুল বিনিয়োগ প্রয়োজন হয়। পাওয়ার গ্রীড কোম্পানী অব বাংলাদেশ লিঃ এর জন্য এটি বাস্তবিক অর্থেই একটি উদ্বেগের বিষয়। তবে সরকারের নিজস্ব তহবিল হতে এবং উন্নয়ন সহযোগিদের নিকট হতে স্বল্প সুদে দীর্ঘমেয়াদী ঋণ যোগাড় করে দিচ্ছে।

ক) বিদ্যুৎ উৎপাদন প্রকল্প অর্থায়নঃ

বিদ্যুৎ উৎপাদনখাতের যে কোন উন্নয়ন কর্মকান্ড বিপুল বিনিয়োগ প্রয়োজন হয়। সঞ্চালন সিস্টেমের অবকাঠামো উন্নয়নে পাওয়ার সিস্টেম মাস্টার প্ল্যানের আলোকে ২০২৫ সালের মধ্যে প্রায় ১২.৫ বিলিয়ন ডলার প্রয়োজন হবে। পাওয়ার গ্রীড কোম্পানী অব বাংলাদেশ লিঃ এর জন্য এটি বাস্তবিক অর্থেই একটি উদ্বেগের বিষয়। তবে সরকার উন্নয়ন সহযোগিদের নিকট হতে স্বল্প সুদে দীর্ঘমেয়াদী ঋণ যোগাড় করে দিচ্ছে। সরকার নিজেও কোম্পানীর উন্নয়ন কর্মকান্ডে ঋণ দিচ্ছে। কোম্পানীও ইদানিং প্রায় প্রতিটি উন্নয়ন প্রকল্পে আংশিক অর্থ বিনিয়োগ করছে। বাংলাদেশে ব্যবসা পরিচালনা করে এমন বণিজ্যিক ব্যাংকও পিজিসিবি'র উন্নয়ন প্রকল্পে ঋণ প্রদানে এগিয়ে এসেছে। সম্প্রতিক বছরগুলোতে পিজিসিবি সম্পূর্ণ নিজস্ব বিনিয়োগে দু'-তিনটি করে উন্নয়ন প্রকল্পও বাস্তবায়ন করেছে। ফলে গ্রীড নেটওর্য়াক (সঞ্চালন লাইন ও গ্রীড উপকেন্দ্র ক্ষমতা) উন্নয়ন সম্প্রসারন বা বৃদ্ধি পাচ্ছে।

পাওয়ার গ্রীড কোম্পানী অব বাংলাদেশ লিঃ (পিজিসিবি) এর উন্নয়ন প্রকল্পগুলোতে এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি), কেএফডব্লিউ, ডানিডা, নরডিক ডেভলপমেন্ট ফান্ড, সিডা, জাপান ইন্টারন্যাশনাল কো-অপারেশন এজেন্সি (জাইকা), বিশ্ব

ব্যাংক (ডব্লিওবি), ইকোনোমিক ডেভলপমেন্ট কো-অপারেশন ফান্ড (ইডিসিএফ), ইসলামিক ডেভলপমেন্ট ব্যাংক (আইডিবি) সহ বিভিন্ন উন্নয়ন সহযোগি সংস্থা ও বাংলাদেশ সরকার অর্থায়ণ করে। পিজিসিবি নিজস্ব তহবিল হতেও আংশিক অর্থায়ন করে থাকে।

খ) হুইলিং চার্জঃ

বাংলাদেশে বিদ্যুতের ক্রম বর্ধমান চাহিদা মেটানোর লক্ষ্যে সরকার অগ্রাধিকার ভিত্তিতে নতুন বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র স্থাপনের অনুমতি এবং বিদ্যমান বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রসমুহে সক্ষমতা বৃদ্ধি করে চলেছে। বিগত সাত বছরে উল্লেখযোগ্যভাবে বিদ্যুৎ উৎপাদন বেড়েছে। বর্ধিত বিদ্যুৎ এবং ভবিষ্যতে উৎপাদিতব্য অধিকতর বিদ্যুৎ সঞ্চালন করতে পিজিসিবি টেকসই উন্নয়ন পরিকল্পনা তৈরি করেছে। উৎপাদন সক্ষমতা বৃদ্ধি এবং সঞ্চালন অবকাঠামো বৃদ্ধির ফলে আসছে বছরগুলোতে উচ্চ ভোল্টেজের বিদ্যুৎ সঞ্চালন আরো বৃদ্ধি পাবে। সরকারের ভিশন বাস্তবায়নের নিমিত্ত জাতীয় সার্থে পিজিসিবি বিভিন্ন প্রকল্প গ্রহন করছে। যাতে লাভজনক ও অলাভজনক প্রকল্প বিদ্যমান। এ প্রেক্ষাপটে পিজিসিবি একটি বাণিজ্যিক প্রতিষ্ঠানে পরিণত করা এবং সময়মত হুইলিং বিল প্রস্তুত ও প্ররণের মাধ্যমে প্রতিষ্ঠানের আর্থিক কাঠামো মজবুত করা। গ্রীড নেটওর্য়াক (সঞ্চালন লাইন ও গ্রীড উপকেন্দ্র ক্ষমতা) উন্নয়ন সম্প্রসারন বা বৃদ্ধি পাচ্ছে এবং অধিক পাওয়ার সঞ্চালিত হচ্ছে ফলে বেশী হুইলিং চার্জ অর্জন করা সম্ভব হচ্ছে।

ভবিষ্যৎ পরিকল্পনাঃ

বিদ্যুতের ক্রমবর্ধমান চাহিদা মেটানো এবং সকল ঘরে বিদ্যুৎ পৌঁছে দেয়ার লক্ষ্যে সরকারের প্রতিশ্রুতি অর্জনে পিজিসিবি বিপুল উন্নয়ন পরিকল্পনা গ্রহণ করেছে যা সঞ্চালন সিস্টেমকে শক্তিশালী করবে। পিজিসিবি সঞ্চালন সিস্টেমের অবকাঠামো উন্নয়নে পাওয়ার সিস্টেম মাস্টার প্ল্যানের আলোকে ২০২৫ সালের মধ্যে জাতীয় গ্রীড নেটওয়ার্কে প্রায় ২৩,৪০০ সার্কিট কিঃমিঃ সঞ্চালন লাইন এবং প্রায় ১,২৫,৮০০ এমভিএ উপকেন্দ্রের ক্ষমতা বৃদ্ধির জন্য পরিকল্পনা গ্রহন এবং বাস্তবায়নে কাজ করছে। প্রতিনিয়ত গ্রীড নেটওর্য়াক (সঞ্চালন লাইন ও গ্রীড উপকেন্দ্র ক্ষমতা) উন্নয়ন সম্প্রসারন বা বৃদ্ধি পাচ্ছে। গ্রীড নেটওর্য়াক (নতুন সঞ্চালন লাইন ও গ্রীড উপকেন্দ্র নির্মাণ ও ক্ষমতা বৃদ্ধি) উন্নয়ন সম্প্রসারন বা বৃদ্ধির মাধ্যমে বিদ্যুৎ বিহীন এলাকায় নিরবিচ্ছিন্ন মানসম্পন্ন বিদ্যুৎ সঞ্চালন নিশ্চিত করার লক্ষ্যে আর্থিক কর্মকান্ডের সার্বিক সহয়তা করা। যাতে প্রতিষ্ঠানের আর্থিক আয় ও উন্নয়ন বৃদ্ধি পায়।

২০১৮-২০১৯ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহঃ

১। Accounts Receivable- 2 Equiv. Month
২। Current Ratio-1.5:1
৩। Quick Ratio-1.4:1
৪। Debt Service coverage Ratio-1.2:1
৫। DSL Payment to the Government-Current+10% Arrear

পিজিসিবি বিদ্যুৎ সেক্টরে বিদ্যুৎ উৎপাদন ও বিতরণ ব্যবস্থার মধ্যে বিদ্যুৎ সঞ্চালন করে, গুরুত্বপূর্ণ ভূমিকা পালনের মাধ্যমে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সার্বিক উন্নয়ন কর্মকান্ডে ও অর্থনৈতিক সমৃদ্ধির ভূমিকা রাখছে।

সেকশন-১

পিজিসিবি'র রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), নির্বাহী পরিচালক (অর্থ) এর কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives) এবং কার্যাবলি Functions):

১.০ দেশের আর্থ-সামাজিক উন্নয়নে বিদ্যুৎ অপরিহার্য। সরকার ২০২১ সালের মধ্যে দেশের সকল জনগোষ্ঠীকে বিদ্যুৎ সুবিধার আওতায় আনা এবং পরবর্তীতে শিল্পোন্নত দেশ হিসেবে গড়ে তুলতে দৃঢ় প্রতিজ্ঞ। পিজিসিবি'র ভিশন ও মিশন এবং কৌশলগত পরিকল্পনার মাধ্যমে সরকারের নির্দেশনা অনুযায়ী কর্মপরিকল্পনা বাস্তবায়ন করে চলেছে।

১.১ রূপকল্পঃ দেশের অর্থনৈতিক উন্নয়নে সবার নিকট বিদ্যুৎ সরবরাহের জন্য নির্ভরযোগ্য বিদ্যুৎ সঞ্চালন করা।

১.২ অভিলক্ষ্যঃ জাতীয় পাওয়ার গ্রীডের দক্ষ ও কার্য্যকর ব্যবস্থাপনার মাধ্যমে দেশব্যাপী মানসম্পন্ন ও নির্ভরযোগ্য বিদ্যুৎ সঞ্চালন নিশ্চিত করা।

১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহঃ

পিজিসিবি দেশের বিদ্যুৎ ব্যবস্থার অন্যতম গুরুত্বপূর্ণ অংশ। এটি সারাদেশে হাইভোল্টেজ বিদ্যুৎ সঞ্চালনের দায়িত্বে নিয়োজিত একমাত্র প্রতিষ্ঠান। পিজিসিবি'র প্রধান উদ্দেশ্যগুলোর মধ্যে রয়েছে পরিকল্পনাকরা, উদ্যোগী হওয়া, উন্নয়ন করা, পরিচালনা করা এবং সংযুক্ত ও দক্ষ বিদ্যুৎ সঞ্চালন সিস্টেম নেটওয়ার্ক বিনির্মাণ করা; যা অর্জনে নিরন্তর প্রচেষ্টা চলছে। কোম্পানীর লক্ষ্য সমুহের মধ্যে আরো আছে- পরিকল্পনা তৈরি করা, অনুসন্ধান করা, গবেষণা করা, প্রকৌশল ও ডিজাইন করা, প্রাথমিক সম্ভাব্যতা যাচাই করা, প্রকল্প প্রতিবেদন প্রণয়ন করা, নির্মাণ করা। একই সঙ্গে নতুন নতুন সঞ্চালন লাইন ও উপকেন্দ্র নির্মাণ এবং বিদ্যমান সঞ্চালন লাইন ও উপকেন্দ্রের ক্ষমতা বৃদ্ধি, লোড ডেসপ্যাচ সেন্টার ও যোগাযোগ সুবিধাসমুহ উন্নয়েনর মাধ্যমে সমগ্র বাংলাদেশের গ্রীড নেটওয়ার্ক পরিচালনা ও রক্ষণাবেক্ষণ কাজে সহয়তা প্রদান করা।

পিজিসিবি'র <u>নির্বাহী পরিচালক (অর্থ)</u> বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ নিম্নরূপঃ

১.৩.১ গড় নীট সম্পদের উপর বার্ষিক আয় অর্জন অব্যাহত রাখা।
১.৩.২ আর্থিক খাতে OBES বাস্তবায়ন নিশ্চিত করা।
১.৩.৩ সময়মত পিজিসিবি'র বার্ষিক রাজস্ব ও মূলধন বাজেট প্রণয়ন করা।
১.৩.৪ নির্ধারিত সময়ে পিজিসিবি'র CD/VAT বাস্তবায়ন নিশ্চিত করা।
১.৩.৫ অর্থের Fund Transfer বাস্তবায়ন নিশ্চিত করা।
১.৩.৬ স্বচ্ছতা আনয়নে জবাবদিহিতা বাস্তবায়ন নিশ্চিত করা।
১.৩.৭ আর্থিক খাতে স্বচ্ছতা আনয়নে জবাবদিহিতা বাস্তবায়ন নিশ্চিত করা।

১.৪ কার্যাবলিঃ

নির্ধারিত লক্ষ্য অর্জনে পিজিসিবি অবিচল। এ কোম্পানী গঠনের উদ্দেশ্যের মধ্যে আঞ্চলিক, জাতীয় এবং আন্তর্জাতিক উচ্চভোল্টেজের নেটওয়ার্ক সিস্টেমের মধ্যে সমন্বয় সাধন, সঞ্চালন লাইন ও গ্রীড উপকেন্দ্রের ক্ষমতা বৃদ্ধি, নতুন নতুন সঞ্চালন লাইন ও গ্রীড উপকেন্দ্র নির্মাণ এবং পরিচালন অন্তর্ভুক্ত রয়েছে। বিদ্যুৎ সেক্টরে পরামর্শ সেবা প্রদান, অন্যান্য ইউটিলিটি প্রতিষ্ঠানের বিদ্যুৎ বিষয়ক সামগ্রিক নির্মাণ কাজ বাস্তবায়ন ও সহয়তা, বিদ্যুৎ ক্রয়-বিক্রয় ও পিজিসিবি'র মেমোরেন্ডামে উল্লেখ করা হয়েছে।

পিজিসিবি'র <u>নির্বাহী পরিচালক (অর্থ)</u> বিভাগের কার্যাবলি নিম্নরূপঃ

১.৪.১ হইলিং চার্জ এবং ওপিজিডব্লিউ এর বিল আদায়ের মাধ্যমে রাজস্ব আদায় জোরদারকরণ।

১.৪.২ কার্যকরভাবে OBES ব্যবস্থা গড়ে তোলা।

১.৪.৩ বার্ষিক রাজস্ব ও মূলধন বাজেট কার্যক্রম তদারকি করা।

১.৪.৪ CD/VAT Payments সম্পাদন নিশ্চিত করা।

১.৪.৫ Fund Transfer সম্পাদন নিশ্চিত করা।

১.৪.৬ সকল জবাবদিহিতা নিশ্চিত করা।

১.৪.৭ আর্থিক খাতের যথাযথ নিয়মনীতি নিশ্চিত করা।

সেকশন ২

নির্বাহী পরিচালক (অর্থ), পিজিসিবি'র কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

(মোট নম্বর-৮০)

কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives)	কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective)	কার্যক্রম (Activities)	কর্মসম্পাদন সূচক (Performance Indicators)	একক (Unit)	কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI)	প্রকৃত অর্জন		লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৮-২০১৯ (Target/Criteria Value for FY 2018-2019)					প্রক্ষেপণ (Projection) ২০১৯-২০২০	প্রক্ষেপণ (Projection) ২০২০-২০২১
						২০১৬-২০১৭	২০১৭-২০১৮ (মে-২০১৮ পর্যন্ত)	অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলিত মানের নিম্নে		
								১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
কলাম-১	কলাম-২	কলাম-৩	কলাম-৪	কলাম-৫	কলাম-৬	কলাম-৭	কলাম-৮	কলাম-৯	কলাম-১০	কলাম-১১	কলাম-১২	কলাম-১৩	কলাম-১৪	কলাম-১৫
গড় নীট সম্পদের উপর বার্ষিক আয় অর্জন অব্যাহত রাখা।	২০	হইলিং চার্জ এবং ওপিজিডব্লিউ এর বিল আদায়ের মাধ্যমে রাজস্ব আদায় জোরদারকরণ।	Accounts Receivable.	Equiv. Month	৪	২.২৭	৩.২৬	২.০০	২.১০	২.২০	২.৩০	২.৪০	২.৫০	২.৫০
			Current Ratio.	Ratio	৪	২.৭৮:১	২.৭৭:১	১.৫০:১	১.৪৫:১	১.৪০:১	১.৩৫:১	১.৩০:১	১.৫:১	১.৫:১
			Quick Ratio.	Ratio	৩	২.৬৬:১	২.৬৬:১	১.৪০:১	১.৩৫:১	১.৩০:১	১.২৫:১	১.২০:১	১.৪:১	১.৪:১
			Debt Service coverage Ratio.	Ratio	৩	২.৫৬:১	২.০৫:১	১.২০:১	১.১০:১	১.০০:১	০.৯০:১	০.৮০:১	১.২:১	১.২:১
			DSL Payment to the Government.	Crore Tk.	৪	৩৮৪.৪৫	৯৮.৮৯	চলতি+১০ % এরিয়ার	চলতি+৮% এরিয়ার	চলতি+৬% এরিয়ার	চলতি+৪% এরিয়ার	চলতি+২% এরিয়ার	১০০	১০০
আর্থিক খাতে OBES বাস্তবায়ন নিশ্চিত করা।	৫	কার্যকরভাবে OBES ব্যবস্থা গড়ে তোলা।	Online Bank Endorsement Service	%	৫	N.I	১০০	১০০	N.A	N.A	N.A	N.A	১০০	১০০
সময়মত পিজিসিবি'র বার্ষিক রাজস্ব ও মূলধন বাজেট প্রণয়ন নিশ্চিত করা।	১০	বার্ষিক রাজস্ব ও মূলধন বাজেট কার্যক্রম তদারকি করা।	Annual Budget Preparing, Monitoring & Approved.	তারিখ	১০	৩০ জুন-২০১৬	৩০ জুন-২০১৭	৩০ জুন-২০১৮	N.A	N.A	N.A	N.A	৩০ জুন-২০১৯	৩০ জুন-২০২০
নির্ধারিত সময়ে পিজিসিবি'র CD/VAT বাস্তবায়ন নিশ্চিত করা।	১৫	CD/VAT Payments সম্পাদন নিশ্চিত করা।	CD/VAT Payments.	%	১৫	১০০	১০০	১০০	N.A	N.A	N.A	N.A	১০০	১০০
অর্থের Fund Transfer বাস্তবায়ন নিশ্চিত করা।	১০	Fund Transfer সম্পাদন নিশ্চিত করা।	Fund Transferred as per requirement.	%	১০	১০০	১০০	১০০	N.A	N.A	N.A	N.A	১০০	১০০
স্বচ্ছতা আনয়নে জবাবদিহিতা বাস্তবায়ন নিশ্চিত করা।	১০	সকল জবাবদিহিতা নিশ্চিত করা।	Regulatory compliances.	%	১০	১০০	১০০	১০০	N.A	N.A	N.A	N.A	১০০	১০০
আর্থিক খাতে স্বচ্ছতা আনয়নে জবাবদিহিতা বাস্তবায়ন নিশ্চিত করা।	১০	আর্থিক খাতের যথাযথ বাস্তবায়ন নিয়মনীতি করা।	Budget & Accounts Reporting (Quarterly).	সংখ্যা	১০	১০০	৩	৪	N.A	N.A	N.A	N.A	৪	৪

N.I-Not Included & N.A-Not applicable.

নির্বাহী পরিচালক (অর্থ), পিজিসিবি'র আবশ্যিক কৌশল উদ্দেশ্যসমূহ ২০১৮-২০১৯
(মোট নম্বর-২০)

কলাম-১	কলাম-২	কলাম-৩	কলাম-৪		কলাম-৫	কলাম-৬				
আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য (Mandatory Strategic Objectives)	কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives)	কার্যক্রম (Activities)	কর্মসম্পাদন সূচক (Performance Indicator)	একক (Unit)	কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI)	লক্ষ্যমাত্রার মান-২০১৮-২০১৯				
						অসাধারণ (Excellent)	অতি উত্তম (Very Good)	উত্তম (Good)	চলতিমান (fair)	চলতিমানের নিম্নে (Poor)
						১০০%	৯০%	৮০%	৭০%	৬০%
বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন জোরদারকরণ।	৩	২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল।	মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত।	তারিখ	১	২৪ জুলাই ২০১৮	২৯ জুলাই ২০১৮	৩০ জুলাই ২০১৮	৩১ জুলাই ২০১৮	০১ আগস্ট ২০১৮
		২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধ-বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট দাখিল।	মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত।	তারিখ	১	১৩ জানুয়ারি ২০১৯	১৬ জানুয়ারি ২০১৯	১৭ জানুয়ারি ২০১৯	২০ জানুয়ারি ২০১৯	২১ জানুয়ারি ২০১৯
		সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতিসহ অন্যান্য বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন।	আয়োজিত প্রশিক্ষণের সময়।	জনঘণ্টা *	১	৬০	-	-	-	-
কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন।	৯	ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন।	ফ্রন্ট ডেস্কের মাধ্যমে গৃহীত ডাক ই-ফাইলিং সিস্টেমে আপলোডকৃত	%	১	৮০	৭০	৬০	৫৫	৫০
			ই-ফাইলে নথি নিষ্পত্তিকৃত।*	%	১	৫০	৪৫	৪০	৩৫	৩০
			ই-ফাইলে পত্র জারীকৃত। **	%	১	৪০	৩৫	৩০	২৫	২০
		উদ্ভাবনী উদ্যোগ ও ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প (SIP) বাস্তবায়ন।	ন্যূনতম একটি উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প (SIP) বাস্তবায়িত।	তারিখ	১	৩১ ডিসেম্বর ২০১৮	০৭ জানুয়ারি ২০১৯	১৪ জানুয়ারি ২০১৯	২১ জানুয়ারি ২০১৯	২১ জানুয়ারি ২০১৯
		সিটিজেনস চার্টার বাস্তবায়ন।	হালনাগাদকৃত সিটিজেনস চার্টার অনুযায়ী প্রদত্ত সেবা।	%	১	৮০	৭৫	৭০	৬০	৫০
			সেবা গ্রহীতাদের মতামত পরিবীক্ষণ ব্যবস্থা চালুকৃত।	তারিখ	১	৩১ ডিসেম্বর ২০১৮	১৫ জানুয়ারি ২০১৯	০৭ ফেব্রুয়ারি ২০১৯	১৭ ফেব্রুয়ারি ২০১৯	২৮ ফেব্রুয়ারি ২০১৯
		অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন।	নির্দিষ্ট সময়ের মধ্যে অভিযোগ নিষ্পত্তিকৃত।	%	১	৯০	৮০	৭০	৬০	৫০
		অবসর শুরুর ০২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর অবসর ও ছুটি নগদায়নপত্র জারি নিশ্চিতকরণ।	অবসর আদেশ জারিকৃত।	%	১	১০০	৯০	৮০	-	-
			ছুটি নগদায়নপত্র জারিকৃত।	%	১	১০০	৯০	৮০	-	-

কলাম-১	কলাম-২	কলাম-৩	কলাম-৪		কলাম-৫	কলাম-৬				
আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য (Mandatory Strategic Objectives)	কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives)	কার্যক্রম (Activities)	কর্মসম্পাদন সূচক (Performance Indicator)	একক (Unit)	কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI)	লক্ষ্যমাত্রার মান-২০১৮-২০১৯				
						অসাধারণ (Excellent)	অতি উত্তম (Very Good)	উত্তম (Good)	চলতিমান (fair)	চলতিমানের নিম্নে (Poor)
						১০০%	৯০%	৮০%	৭০%	৬০%
আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন।	৫	অডিট আপত্তি নিষ্পত্তি কর্যক্রমের উন্নয়ন।	ব্রডসীড জবান প্রেরিত।	%	০.৫	৬০	৫৫	৫০	৪৫	৪০
			অডিট আপত্তি নিষ্পত্তিকৃত।	%	০.৫	৫০	৪৫	৪০	৩৫	৩০
		স্থাবর ও অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা প্রস্তুত করা।	স্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত।	তারিখ	১	০৩ ফেব্রুয়ারি ২০১৯	১৭ ফেব্রুয়ারি ২০১৯	২৮ ফেব্রুয়ারি ২০১৯	২৮ মার্চ ২০১৯	১৫ এপ্রিল ২০১৯
			অস্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত।	তারিখ	১	০৩ ফেব্রুয়ারি ২০১৯	১৭ ফেব্রুয়ারি ২০১৯	২৮ ফেব্রুয়ারি ২০১৯	২৮ মার্চ ২০১৯	১৫ এপ্রিল ২০১৯
		বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন।	বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়িত।	%	২	১০০	৯৫	৯০	৮৫	৮০
জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য কৌশল অধিকার বাস্তবায়ন জোরদারকরণ।	৩	জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো প্রণয়ন।	জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামোয় প্রণীত।	তারিখ	১	১৫ জুলাই ২০১৮	৩১ জুলাই ২০১৮	-	-	-
		নির্ধারিত সময়ের মধ্যে ত্রৈমাসিক প্রতিবেদন দাখিল।	নির্ধারিত সময়ের মধ্যে ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত।	সংখ্যা	১	৪	৩	-	-	-
		তথ্য বাতায়ন হালনাগাদকরণ।	তথ্য বাতায়ন হালনাগাদকৃত।	%	১	১০০	৯০	৮০	-	-

* জনপ্রশাসন প্রশিক্ষণ ম্যানুয়াল অনুযায়ী উক্ত প্রশিক্ষণ আয়োজন করতে হবে। ** মন্ত্রিপরিষদ বিভাগের ই-গভর্ন্যাস অধিশাখা হতে প্রাপ্ত প্রতিবেদন। *** মন্ত্রিপরিষদ বিভাগের ই-গভর্ন্যাস অধিশাখা হতে প্রাপ্ত প্রতিবেদন।

আমি, নির্বাহী পরিচালক (অর্থ), পাওয়ার গ্রীড কোম্পানী অব বাংলাদেশ (পিজিসিবি) লিঃ, ব্যস্থাপনা পরিচালক, পিজিসিবি'র নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, ব্যস্থাপনা পরিচালক, পাওয়ার গ্রীড কোম্পানী অব বাংলাদেশ (পিজিসিবি) লিঃ, নির্বাহী পরিচালক (অর্থ), পিজিসিবি'র নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিতঃ

.....
নির্বাহী পরিচালক (অর্থ)
পাওয়ার গ্রীড কোম্পানী অব বাংলাদেশ (পিজিসিবি) লিঃ

20.07.2016
.....
তারিখ

.....
ব্যবস্থাপনা পরিচালক
পাওয়ার গ্রীড কোম্পানী অব বাংলাদেশ (পিজিসিবি) লিঃ

20.07.16
.....
তারিখ

সংযোজনী-১

শব্দসংক্ষেপ
(Acronyms)

বিউবো	বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড
বিআরইবি	বাংলাদেশ রূরাল ইকেক্ট্রিফিকেশন বোর্ড
ডিপিডিসি	ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড
ডেসকো	ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি লিমিটেড
ওজোপাডিকো	ওয়েষ্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড
নেসকো	নর্দান ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি লিমিটেড
এপিএসসিএল	আশুগঞ্জ পাওয়ার স্টেশন কোম্পানি লিমিটেড
ইজিসিবি	ইলেক্ট্রিসিটি জেনারেশন কোম্পানি অব বাংলাদেশ লিমিটেড
আরপিসিএল	রূরাল পাওয়ার কোম্পানি লিমিটেড
নওপাজেকো	নর্থ ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড
পিজিসিবি	পাওয়ার গ্রিড কোম্পানি অব বাংলাদেশ লিমিটেড
এমআইএস	ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম
এমভিএ	মেগাভোল্ট অ্যাম্পিয়ার
FGMO	Free Governor Mode Operation
AGC	Automatic Generation Control
আইপিপি	ইন্ডিপেনডেন্ট পাওয়ার প্রোডিউসার
এআই	এর্নাজি অডিটিং ইউনিট
জিএম	জেনারেল ম্যানেজার
N.I	Not Included
N.A	Not applicable
ED	Executive Director
OBES	Online Bank Endorsement Service

সংযোজনী-২

কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তনায়নকারী কার্যালয়সমূহ এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ

ক্রমিক নম্বর	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	বিবরণ	বাস্তনায়নকারী ইউনিট	পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র	সাধারণ মন্তব্য
১	হইলিং চার্জ এবং ওপিজিডব্লিউ এর বিল আদায়ের মাধ্যমে রাজস্ব আদায় জোরদারকরণ।	Accounts Receivable.	বিউবো, ডিপিডিসি, ডেসকো, বিআরইবি, ওজোপাডিকো ও নেসকোকে নিয়মিত হইলিং বিল পরিশোধ করা হবে।	পিজিসিবি'র অর্থ বিভাগ, বিউবো, ডিপিডিসি, ডেসকো, বিআরইবি, ওজোপাডিকো ও নেসকো।	Equiv. Month, পিজিসিব'র অর্থসহ বিভিন্ন বিভাগের প্রতিবেদন।	
২		Current Ratio.		পিজিসিবি'র বিভিন্ন বিভাগসমূহ।	Ratio, পিজিসিবি' অর্থসহ বিভিন্ন বিভাগের প্রতিবেদন।	
৩		Quick Ratio.				
৪		Debt Service Coverage Ratio.	বিউবোকে সময়মত প্রয়োজনীয় সম্পদের দায় পরিশোধ করা।	পিজিসিবি'র অর্থ বিভাগ ও বিউবো।	Ratio, পিজিসিব'র অর্থসহ বিভিন্ন বিভাগের প্রতিবেদন।	
৫		DSL Payment to the Government.	বিনিয়োগকারীদের সময়মত প্রয়োজনীয় ঋণ পরিশোধ করা।	পিজিসিবি'র অর্থ বিভাগ, সরকার ও বিনিয়োগকারী সংস্থাসমূহ।	Crore Tk., পিজিসিব'র অর্থসহ বিভিন্ন বিভাগের প্রতিবেদন।	

সংযোজনী-৩

কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে মাঠ পর্যায়ের অন্যান্য কার্যালয়ের নিকট সুনির্দিষ্ট চাহিদা

প্রতিষ্ঠানের নাম	সংশ্লিষ্ট কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদা/ প্রত্যাশা	চাহিদা/প্রত্যাশার যৌক্তিকতা	প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব
বিউবো, ডিপিডিসি, ডেসকো, বিআরইবি, ওজোপাডিকো ও নেসকো।	নিয়মিত হুইলিং বিল পরিশোধ করা।	Accounts Receivable	নিয়মিত হুইলিং বিল পরিশোধ করা হবে।	সময়মত ও চাহিদা অনুযায়ী হুইলিং বিল পরিশোধ করা হলে পিজিসিবি'র আর্থিক ভিত্তি মজবুত হবে ও সার্বিক কার্যক্রম জোরদার হবে।	অ্যাকাউন্টস রিসিভেবল বৃদ্ধি পেলে সকল অর্থনৈতিক সূচকে ঋণাত্বক প্রভাব পড়বে ও এপিএ সূচক অর্জন হবে না।
বিউবো, ডিপিডিসি, ডেসকো, বিআরইবি, ওজোপাডিকো ও নেসকো এবং ঋণ প্রদানকারী সংস্থা।	হুইলিং বিল পরিশোধ করা। অর্থের যোগান বজায় রাখা।	Current Ratio	সময়মত হুইলিং বিল পরিশোধ। প্রয়োজনমত ঋণ ছাড় করা।	ঋণ পরিশোধের ঝুঁকি মুক্ত থাকবে চলমান ও উন্নয়ন কার্যক্রম জোরদার করা যাবে।	পাওনার পরিমান বৃদ্ধি পাবে। চলমান ও উন্নয়ন কার্যক্রম ব্যাহত হবে ও এপিএ সূচক অর্জন হবে না।
বিউবো, ডিপিডিসি, ডেসকো, বিআরইবি, ওজোপাডিকো ও নেসকো এবং ঋণ প্রদানকারী সংস্থা।	হুইলিং বিল পরিশোধ করা। অর্থের যোগান বজায় রাখা।	Quick Ratio	সময়মত হুইলিং বিল পরিশোধ। অর্থের যোগান বজায় রাখা।	ঋণ পরিশোধের ঝুঁকি মুক্ত থাকবে। চলমান ও উন্নয়ন কার্যক্রম জোরদার করা যাবে।	ঋণ পরিশোধে ঝুঁকি থাকবে। চলমান ও উন্নয়ন কার্যক্রম ব্যাহত হবে ও এপিএ সূচক অর্জন হবে না।
বিউবো, ডিপিডিসি, ডেসকো, বিআরইবি, ওজোপাডিকো ও নেসকো এবং ঋণ প্রদানকারী সংস্থা।	হুইলিং বিল পরিশোধ করা। অর্থের যোগান বজায় রাখা।	Debt Service Coverage Ratio	সময়মত হুইলিং বিল পরিশোধ। অর্থের যোগান বজায় রাখা।	ঋণ পরিশোধের ঝুঁকি মুক্ত থাকবে। লাভজনক প্রতিষ্ঠান হিসাবে বজায় থাকা।	ঋণ পরিশোধে ঝুঁকি থাকবে। চলমান ও উন্নয়ন কার্যক্রম ব্যাহত হবে ও এপিএ সূচক অর্জন হবে না।